# চা বুলেটিন

বাংলাদেশ চা বোর্ড | সংখ্যা : ৪ | ৩১ ডিসেম্বর ২০২২


## পঞ্চগড়ে হচ্ছে দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র

পঞ্চগড়ে দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র চালু হতে যাচ্ছে। গত ২৩ অক্টোবর ২০২২ তারিখে পঞ্চগড়ে দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র স্থাপনের অনুমতি দেয়া হয়েছে। সমতলে চা চাষের পথিকৃৎ এ জেলায় আগামী ২০২৩-২৪ মৌসুম থেকে একটি আধুনিক নিলাম কেন্দ্র চালু করার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, ব্রোকার হাউজ ও ওয়্যারহাউজ প্রতিষ্ঠা, প্রশিক্ষণ, কারিগরি সহায়তা ইত্যাদি বিষয়ে প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান রয়েছে। চট্টগ্রাম (১৯৪৯) ও শ্রীমঙ্গলের (২০১৮) পর পঞ্চগড়ে চা নিলাম শুরু হলে উত্তরাঞ্চলে চা শিল্প আরও সম্প্রসারিত হবে।

দেশে গত দুই দশকে সমতলে চা আবাদে বৈপ্লবিক উন্নয়ন ঘটেছে। বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৬ সালে পঞ্চগড় সফরে এসে প্রথম সমতল ভূমিতে চা আবাদের সম্ভাবনার কথা বলেন। তাঁর দূরদর্শী নির্দেশনার প্রেক্ষিতে বর্তমানে উত্তরাঞ্চলের-পঞ্চগড়, ঠাকুরগাঁও, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর ও রংপুর জেলায় প্রায় ৮ হাজার ক্ষুদ্র চাষি প্রায় ১১ হাজার একর জমিতে চা আবাদ করছে। পঞ্চগড় ও পার্শ্ববর্তী জেলাগুলোতে প্রতিবছরই চায়ের উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। উত্তরাঞ্চলের জেলাগুলোতে ২০১৯ সালে ৯.৫৬ মিলিয়ন কেজি, ২০২০ সালে ১০.৩১ মিলিয়ন কেজি এবং ২০২১ সালে ১৪.৫৪ মিলিয়ন কেজি চা উৎপাদিত হয়েছিল। এছাড়া চলতি ২০২২ সালের নভেম্বর পর্যন্ত এ অঞ্চলে ১৬.২৪ মিলিয়ন কেজি চা উৎপাদিত হয়েছে। উত্তরাঞ্চলের বাগানের তৈরি চা মূলত চট্টগ্রাম ও শ্রীমঙ্গল নিলাম কেন্দ্রে বিক্রি হয়। পঞ্চগড়ে একটি চা নিলাম কেন্দ্র স্থাপিত হলে এ অঞ্চলের চা পঞ্চগড়ে বিক্রয় করা যাবে। এতে চায়ের চোরাচালান রোধ, রাজস্ব আয় বৃদ্ধি, চাষিদের ন্যায্যমূল্য প্রাপ্তি ও উৎপাদন খরচ কম হবে।

## চা বোর্ডে বিজয় দিবস উদ্‌যাপিত



*বিজয় দিবসে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ*

বাংলাদেশ চা বোর্ডে গত ১৬ ডিসেম্বর ২০২২-এ মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং তাঁর পরিবারের সকল সদস্যসহ মুক্তিযুদ্ধে বীর শহিদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ দোয়া, সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা সভাসহ দিনব্যাপী নানা কর্মসূচি পালন করা হয়েছে।

বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি বলেন, "জাতির পিতার আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে উন্নত ও সমৃদ্ধ দেশের কাতারে পৌঁছানোর লক্ষ্যে কর্মক্ষেত্রে আমাদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে"। এসময় বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

## চেয়ারম্যান চা বোর্ড বৃত্তি প্রদান

বাংলাদেশ চা বোর্ড এবং বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, প্রকল্প উন্নয়ন ইউনিট ও চা বাগানসমূহের কর্মকর্তা-কর্মচারীদের মেধাবী সন্তানদের গত ১৬ ডিসেম্বর, ২০২২ তারিখে "চেয়ারম্যান চা বোর্ড" বৃত্তি প্রদান করা হয়েছে। বাংলাদেশ চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি ২০২০-২০২২ সাল পর্যন্ত সময়ে এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় জিপিএ-৫.০০ পেয়ে কৃতিত্ব অর্জনকারী ১৮ জন শিক্ষার্থীর হাতে বৃত্তির চেক, সনদ ও ক্রেস্ট তুলে দেন। এসময় চা বোর্ডের চেয়ারম্যান বলেন, "এ বৃত্তি শিক্ষার্থীদের লেখাপড়ায় আরও উৎসাহ বৃদ্ধি করবে"।



*বৃত্তির চেক ও সনদ হস্তান্তর*

## কর্মচারীদের চিকিৎসা অনুদান বিতরণ



*অনুদানের চেক বিতরণ*

বাংলাদেশ চা বোর্ড এবং বোর্ডের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট ও প্রকল্প উন্নয়ন ইউনিট এর মোট ২১ জন কর্মচারীকে চিকিৎসা অনুদান বিতরণ করা হয়েছে। বাংলাদেশ চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি গত ১৬ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুদান বাবদ মোট ৩ লক্ষ ২৮ হাজার ৫শত টাকার চেক কর্মচারীদের নিকট হস্তান্তর করেন। বাংলাদেশ চা বোর্ড কর্মকর্তা-কর্মচারী আর্থিক অনুদান মঞ্জুরি নীতিমালা অনুযায়ী বোর্ডের স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের চিকিৎসা ব্যয়, কন্যা বিবাহ, মৃত্যুজনিত ব্যয় এবং বিশেষ ক্ষেত্রে সহায়তার জন্য অনুদান প্রদান করা হয়ে থাকে। অনুদান বিতরণ অনুষ্ঠানে বোর্ডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## শান্তিনগরে কর্মচারীদের জন্য সেমিপাকা কটেজ উদ্বোধন

চট্টগ্রাম নগরীর বায়েজিদ এলাকার শান্তিনগরে অবস্থিত বাংলাদেশ চা বোর্ড আবাসিক এলাকায় কর্মচারীদের জন্য নির্মিত ৪টি সেমিপাকা কটেজ উদ্বোধন করা হয়েছে। বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি গত ০৫ ডিসেম্বর ২০২২ তারিখে এসব কটেজ উদ্বোধনের পর ৪জন কর্মচারীর নিকট কটেজের বরাদ্দপত্র হস্তান্তর করেন। এসময় বোর্ডের চেয়ারম্যান-আবাসিক এলাকা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং পতিত জায়গায় শাকসবজি ও ফলমূলের চারা রোপণের বিষয়ে কর্মচারীদের নির্দেশনা প্রদান করেন।



*সেমিপাকা কটেজ উদ্বোধন*

## বাণিজ্য সচিব মহোদয়ের বিটিআরআই পরিদর্শন



*বিটিআরআই উদ্ভাবিত বিটি ক্লোন চারা দেখছেন বাণিজ্য সচিব*

বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব তপন কান্তি ঘোষ গত ০৫ অক্টোবর, ২০২২ তারিখে মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গলস্থ বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি চা গবেষণা কার্যক্রম পরিদর্শন, টি টেস্টিং, গ্রিন টি কারখানা পরিদর্শন এবং বৈজ্ঞানিক কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। এসময় তিনি চা শিল্পের উন্নয়নে বিটিআরআই-কে বৈচিত্র্যময় ও যুগোপযোগী গবেষণার প্রতি বিশেষ গুরুত্বারোপ করার আহ্বান জানান।

## 'সমতলের চা শিল্প' বইয়ের মোড়ক উন্মোচন

সমতলের চা শিল্পের উন্নয়ন ও ক্রমবিকাশ নিয়ে "সমতলের চা শিল্প" শিরোনামে একটি বইয়ের মোড়ক উন্মোচন করেছেন বাংলাদেশ চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি। বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট-এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ শামীম আল মামুন সমতলের চায়ের সচিত্র তথ্যসমৃদ্ধ বইটি লিখেছেন। রংপুর সার্কিট হাউজে গত ২৫ ডিসেম্বর, ২০২২ তারিখে বইটির মোড়ক উন্মোচন অনুষ্ঠানে চা বোর্ডের কর্মকর্তা, স্থানীয় জনপ্রতিনিধি, ক্ষুদ্র চা বাগান ও বটলিফ কারখানা মালিক, ক্ষুদ্র চা চাষি ও চা ব্যবসায়ীবৃন্দ উপস্থিত ছিলেন।



*বইয়ের মোড়ক উন্মোচন*

## রংপুরে চা শিল্পের অংশীজনদের সাথে মতবিনিময়

রংপুর সার্কিট হাউজে গত ২৫ ডিসেম্বর ২০২২ তারিখে উত্তরাঞ্চলের চা শিল্পের সাথে সম্পৃক্ত অংশীজনদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ চা বোর্ড কর্তৃক আয়োজিত উক্ত সভায় চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে চা বোর্ডের চেয়ারম্যান উত্তরাঞ্চলের চা চাষিদের ভর্তুকি মূল্যে সার ও সহজ শর্তে প্লাকিং মেশিন সরবরাহ, ক্যামেলিয়া খোলা আকাশ স্কুলের মাধ্যমে চাষিদের প্রশিক্ষিত করা এবং চাষিদের কাঁচা চা পাতার ন্যায্যমূল্য নিশ্চিত করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।




*মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন চা বোর্ডের চেয়ারম্যান*

## লালমনিরহাটে চা চাষিদের জন্য কর্মশালা ও প্রণোদনা বিতরণ




লালমনিরহাটে চা চাষিদের জন্য "চা গাছ ছাঁটাই ও পোকামাকড় দমন" বিষয়ক কর্মশালা এবং চা চাষে উৎসাহ প্রদানে প্রণোদনা (সেচ যন্ত্র, প্রুনিং মেশিন, স্প্রেয়িং মেশিন ও মোকামাকড় নাশক) দেয়া হয়েছে। বাংলাদেশ চা বোর্ডের প্রকল্প উন্নয়ন ইউনিটের উদ্যোগে গত ২২ ডিসেম্বর, ২০২২ তারিখে জেলার হাঁড়িভাঙ্গায় উক্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। কর্মশালা ও প্রণোদনা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিটিআরআই-এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ শামীম আল মামুন ও বৈজ্ঞানিক কর্মকর্তা মো. ইমরান হোসেন চা আবাদের বিভিন্ন কারিগরি বিষয়ে চাষিদের হাতেকলমে প্রশিক্ষণ প্রদান করেন। কর্মশালা শেষে ৯৪ জন চা চাষির মধ্যে প্রণোদনা বিতরণ করা হয়।

*চাষিদের প্রণোদনা বিতরণ*




*কর্মশালায় বক্তব্য রাখছেন পিডিইউ-এর পরিচালক*

## ভ্যালিভিত্তিক টি টেস্টিং সেশন অনুষ্ঠিত

চায়ের গুণগত মান উন্নয়নের লক্ষ্যে গত ১২ অক্টোবর, ২০২২ তারিখে শ্রীমঙ্গল উপজেলার বালিশিরা ভ্যালি ক্লাবে উন্মুক্ত চা আস্বাদনী (টি টেস্টিং) সেশন অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) কর্তৃক আয়োজিত উক্ত অনুষ্ঠানে ১৩ টি চা বাগান অংশগ্রহণ করেন। অধিবেশনে বাগানসমূহের সর্বশেষ তৈরি চায়ের নমুনার বিশ্লেষণ (টি টেস্টিং) করা হয় এবং উন্নতমানের চা তৈরি করার সকল ধরনের প্রয়োজনীয় কারিগরি উপদেশ প্রদান করা হয়। বিটিআরআই এর ভারপ্রাপ্ত পরিচালক ড. মো. ইসমাইল হোসেন, বৈজ্ঞানিক কর্মকর্তা মো: রিয়াদ আরেফিন, বাগানের ব্যবস্থাপকবৃন্দ ও ব্রোকার প্রতিনিধিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



*টি টেস্টিং সেশন*

## জুড়ীতে প্রুনিং ও পোকামাকড় দমন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

মৌলভীবাজার জেলার জুড়ী ক্লাবে গত ২৬ নভেম্বর, ২০২২ তারিখে চা বাগানে প্রুনিং ও প্রুনিং পরবর্তী রোগ-বালাই দমন বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় চা গাছের প্রুনিংয়ের উপযুক্ত সময়, পদ্ধতি ও এ সময় পোকামাকড় দমনে করণীয় বিষয়ে বৈজ্ঞানিক পরামর্শ প্রদানসহ বিস্তারিত আলোচনা করা হয়। বাংলাদেশ চা বোর্ডের প্রকল্প উন্নয়ন ইউনিট কর্তৃক আয়োজিত উক্ত কর্মশালায় জুড়ী ভ্যালীর ২৯টি বাগান থেকে প্রায় ৪৫ জন ব্যবস্থাপক ও সহকারী ব্যবস্থাপক অংশগ্রহণ করে।




## বান্দরবানে ক্ষুদ্র চাষিদের প্রশিক্ষণ প্রদান

বাংলাদেশ চা বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "এক্সটেনশন অব স্মল হোল্ডিং টি কালটিভেশন ইন চট্টগ্রাম হিল ট্র্যাক্টস" প্রকল্পের আওতায় জেলার সদর উপজেলায় গত ২৫ নভেম্বর, ২০২২ তারিখে ক্ষুদ্র চাষিদের অংশগ্রহণে একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রকল্প পরিচালক সুমন শিকদার কর্তৃক চা আবাদ সম্প্রসারণে চাষিদের উদ্বুদ্ধকরণ, চা আবাদিতে প্রুনিং, পোকামাকড় ও রোগবালাই দমন এবং বিভিন্ন আন্তঃপরিচর্যা বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়।

*বান্দরবানের ক্ষুদ্র চাষিদের প্রশিক্ষণ*

## এপিএ বাস্তবায়ন অগ্রগতি

### বাংলাদেশ চা বোর্ডের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ষান্মাসিক বাস্তবায়ন অগ্রগতি (জুলাই'২২-ডিসেম্বর'২২)

| ক্রমিক নং | কার্যক্রম | বার্ষিক লক্ষ্যমাত্রা | কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১.১ | চা চাষ এলাকা সম্প্রসারণ | ১১৫০ একর | ৫৭৬ একর |
| ১.২ | চা এলাকা পুনরাবাদ | ১৭৫০ একর | ৮৬৯ একর |
| ১.৩ | চা উৎপাদন | ১০০ মিলিয়ন কেজি | ৬৫.৯৭ মিলিয়ন কেজি |
| ১.৪ | চা রপ্তানি লাইসেন্স ইস্যুর হার | ১০০% | ১০০% |
| ১.৫ | চা শিল্পের উন্নয়নে কর্মশালা ও সেমিনার | ১০টি | ১০টি |
| ১.৬ | টি টেস্টিং সেশন আয়োজন | ৭টি | ৭টি |
| ১.৭ | ক্ষুদ্র চাষিদের হাতে কলমে প্রশিক্ষণ | ১৫টি | ১২টি |
| ১.৮ | মৃত্তিকা বিশ্লেষণপূর্বক সারের মাত্রা সুপারিশ | ২০০০টি | ৮০৮টি |
| ১.৯ | চা বাগান পরিদর্শন | ১৩৫টি | ৬২টি |
| ১.১০ | পরিদর্শনের আলোকে উন্নয়ন অগ্রগতি মূল্যায়িত | ১৩৫টি | ৪৮টি |

ঐতিহ্যের স্বাদে
**বাংলাদেশ টি**

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের
তৈরিকৃত নিজস্ব বাগানের সেরা পাতার
**বাংলাদেশ টি**
গুণে মানে অনন্য




চা প্রদর্শন ও বিক্রয় কেন্দ্র:
- **বাংলাদেশ চা বোর্ড** প্রধান কার্যালয়, বায়েজিদ, চট্টগ্রাম
- **চা বোর্ড লিঁয়াজো অফিস** মতিঝিল, ঢাকা
- **হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর** (ডিউটি ফ্রি জোন), ঢাকা
- **বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট** শ্রীমঙ্গল, মৌলভীবাজার
- **টি রিসোর্ট এন্ড মিউজিয়াম** শ্রীমঙ্গল, মৌলভীবাজার

**বাংলাদেশ চা বোর্ড**

**সম্পাদনা পর্ষদ**

প্রধান উপদেষ্টা : মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি; চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড
সম্পাদক : মোহাম্মাদ রুহুল আমীন, সচিব (ভারপ্রাপ্ত)
সহযোগী সম্পাদক : মো: রাজিবুল হাসান, জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা
প্রকাশনায় : বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।